# উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

উপজেলা-কাউখালী, জেলা-পিরোজপুর।

সভা নং ঃ ০৩/২০২২

সভাপতি ঃ মোঃ আবু সাঈদ মিঞা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাউখালী,পিরোজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাউখালী, পিরোজপুর।

তারিখ ও সময় ঃ ২৪/০৩/২০২২খ্রিঃ, বেলাঃ১১:৩০ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে) এবং সদস্যদের নামের তালিকা রেজিষ্টারে সংরক্ষিত।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার আহ্বানের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভায় পূর্ববর্তী মাসের রেজুলেশন পাঠকরে শুনানএবং কোন পরিবর্তন সংযোজন বিয়োজন না থাকায় রেজুলেশনটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভা পরিচালনা শুরু করেন এবং উপস্থিত সদস্যবৃন্দের বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে গঠণমূলক আলোচনার অনুরোধ জানালে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ ঃ

উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২০২২ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হলে কোন সংশোধনী না থাকায়তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা ঃ

(ক) উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃকর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(খ) উপজেলা শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(গ) উপজেলা কৃষি বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ঘ) উপজেলা প্রকৌশল বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কাউখালী |

(ঙ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(চ) উপজেলা মৎস্য বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা মৎস্য কর্মকর্তা জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | অবৈধ জাল এবং জাটকা ইলিশ নিধনের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ছ) যুব উন্নয়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(জ) সমবায় বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | ঋণ আদায় জোরদার করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, কাউখালী, পিরোজপুর। |

(ঝ) সমাজসেবা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ঞ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি আরও জানান যে, চিড়াপাড়া চরবাগুরি প্রস্তাবিত এইচবিবি রাস্তার গত দুই বছরের কাবিখা/ কাবিটা প্রকল্প দ্বারা বাস্তবায়িত রাস্তার ইট উঠিয়ে একই রাস্তার ত্রাণের ব্রীজ হতে পরবর্তি অংশ সংস্কার ও ইটসলিং করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও দ্বিতীয় পর্যায়ে টিআর কাবিখা এবং চল্লিশ দিনের(ইজিপিপি) প্রকল্প দাখিলের জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে চিড়াপাড়া চরবাগুরি প্রস্তাবিত এইচবিবি রাস্তায় গত দুই বছরের কাবিখা/ কাবিটা প্রকল্প দ্বারা বাস্তবায়িত রাস্তার ইট উঠিয়ে একই রাস্তার ত্রাণের ব্রীজ হতে পরবর্তি অংশ সংস্কার ও ইটসলিং করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। দ্বিতীয় পর্যায়ে টিআর কাবিখা এবং চল্লিশ দিনের (ইজিপিপি) প্রকল্প দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কাউখালী, পিরোজপুর<br>২. ইউপি চেয়ারম্যান (সকল) |

(ট) পরিবার পরিকল্পনা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রায়ণ প্রকল্পে কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ঠ) মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ড) জনস্বাস্থ্য বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপ-সহাকারী জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী কাউখালী, পিরোজপুর। |

(ঢ) মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ণ) বন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা বন কর্মকর্তাজানান যে তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(ত) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলাপল্লী উন্নয়ন কর্মকর্তা কাউখালী, পিরোজপুর। |

(থ) আমার বাড়ি একটি খামার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী কাউখালী, পিরোজপুর। |

<u>বিবিধআলোচনা</u>

বিবিধ-ক

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে আমরাজুড়ী ফেরীঘাট সংলগ্ন রাস্তা ভাংগনের ফলে ভেঙ্গে যাওয়ায় কাউখালী শেখেরহাট রাস্তাটি নদী গর্ভে বিলীন হয়ে বন্ধ হয়ে গিয়েছে। অত্র এলাকার বাসিন্দারা একটি বিকল্প রাস্তা নির্মাণের জন্য আবেদন করেছেন। সভায় আবেদন পত্রটি পাঠকরে শোনানো হয়। তিনিএ বিষয়ে আরও উল্লেখ করেন, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রচেষ্টায় আমড়াঝুড়ি ফেরিঘাট এর ভাঙন প্রতিরোধে খুব দ্রুতই কার্যকর ব্যবস্থা গৃহিত হবার সম্ভাবনা রয়েছে। | চেয়ারম্যান ০২ নং আমড়াজুড়ী ইউনিয়ন পরিষদকে সার্বিক খোঁজ খবর রেখে একটি নতুন রাস্তা তৈরির কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-খ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে কাউখালী উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন আগামী মাসের শেষ দিকে মাননীয় সংসদ সদস্য কর্তৃক উদ্বোধন করার সম্ভাবনা রয়েছে। তিনি উপজেলা প্রকৌশলীকে দ্রুত ভবন এর কাজ শেষ করার জন্য অনুরোধ জানান। নতুন ভবনের সামনে পুরাতন কোর্ট বিল্ডিং রয়েছে। যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ণ যে কোন সময় বড় ধরণের দুর্ঘটনা ঘটতে পারে। ভবনটি অপসারণ করা অতীব জরুরী। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ নতুন প্রশাসনিক ভবনের সামনে অবস্থিত পুরাতন কোর্ট বিল্ডিং অপসারণের জন্য পরবর্তী জেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। একই সাথে গণপূর্ত অধিদপ্তরকে পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। আগামী মাসের মধ্যে নতুন ভবণের কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর<br>উপজেলা প্রকৌশলী কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-গঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| কাউখালী উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত মালী মোঃ নাসির উদ্দিন ফেব্রুয়ারী ২০২২ মাসে ২৪ (চব্বিশ) দিন এবং সুইপার মোঃ সুমন হোসেন ফেব্রুয়ারী ২০২২ মাসে মোট ২৪ (চব্বিশ) দিন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক উপস্থিত থেকে শ্রম দিয়েছেন। হাজিরা খাতায় তাদের দৈনিক হাজিরা লিপিবদ্ধ আছে। ফেব্রুয়ারী ২০২২ মাসে তাদের পাওনা মজুরীর পরিমান মোঃ নাসির উদ্দিন (২৪x৫৫০) = ১৩২০০/- এবং মোঃ সুমন হোসেন (২৪x৫৫০) = ১৩২০০/- | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত মালী মোঃ নাসির উদ্দিন ফেব্রুয়ারী ২০২২ মাসে ২৪ (চব্বিশ) দিন এবং সুইপার মোঃ সুমন হোসেন ফেব্রুয়ারী ২০২২ মাসে মোট ২৪ (চব্বিশ) দিনের মজুরী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-ঘ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে কাউখালী উপজেলা পরিষদের অনুকূলে ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ থেকে ১০.০০ লক্ষ টাকা উপজেলা পর্যায়ে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ এর প্রকল্প গ্রহণ করা হয়েছে। অবশিষ্ট ৪০.০০ লক্ষ টাকা অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের প্রস্তাব উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত অর্থে প্রকল্প প্রণয়ন, প্রকল্প বাছাই, প্রস্তুতকরণ ও অনুমোদন পদ্ধতি সংক্রান্ত কমিটির সুপারিশসহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প প্রণয়ন, প্রকল্প বাছাই, প্রস্তুতকরণ ও অনুমোদন পদ্ধতি সংক্রান্ত কমিটির সুপারিশ মোতাবেক উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে কাউখালী উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত ৫০.০০ লক্ষ টাকার নিম্নোক্ত উপ-প্রকল্প প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | ১. চেয়ারম্যান উপজেলাপরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর।<br>৩. উপজেলা প্রকৌশলী এলজিইডি, কাউখালী। |

<u>উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর সক্ষমতা বৃদ্ধিমূলক বাছাইকৃত উপ- প্রকল্প প্রস্তাব ঃ</u>

| ক্রমিক | উপ- প্রকল্পের নাম | বরাদ্দ |
|---|---|---|
| ০১ | নারী ও শিশু নির্যাতন, ইভটিজিং, বাল্যবিবাহ এবং যৌতুক প্রথা প্রতিরোধ বিষয়ে প্রশিক্ষণ | ১,৪৫,০০০.০০ |
| ০২ | গ্রামীণ যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ড্রাইভিং প্রশিক্ষণ | ১,৮০,০০০.০০ |
| ০৩ | শিক্ষকদের অনলাইনে মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনার দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | ১৩৫০০০.০০ |
| ০৪ | ইউনিয়ন পর্যায়ে মহিলাদের আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে হস্তশিল্প ও নকশী কাঁথা তৈরি বিষয়ক প্রশিক্ষণ | ১৮০০০০.০০ |
| ০৫ | নির্মাণ শ্রমিকদের (রাজ মিস্ত্রী, রড মিস্ত্রী, রং মিস্ত্রী, ইলেকট্রিক মিস্ত্রী) পেশাগত দক্ষতা বৃদ্ধিকরণ প্রশিক্ষণ | ১২০০০০.০০ |
| ০৬ | উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পিপিআর ও ই-জিপি বিষয়ক প্রশিক্ষণ | ১২০০০০.০০ |
| ০৭ | এসডিজি বাস্তবায়ন ও ডাটা সংগ্রহে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | ১২০০০০.০০ |
| মোট | দশ লক্ষ টাকা মাত্র | ১০০০০০০.০০ |

<u>উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় অবকাঠামো উন্নয়ন বাছাইকৃত উপ- প্রকল্প প্রস্তাব ঃ</u>

| ক্রমিক | উপ- প্রকল্পেরনাম | বরাদ্দ |
|---|---|---|
| ০১ | ফিস সেড নির্মাণঃ ক.সয়না ইউনিয়নের ধাবড়ী বাজার, খ. চিরাপাড়া ইউনিয়নের বেকুটিয়া ফেরিঘাট সংলগ মাছ বাজার গ. শিয়ালকাঠী ইউনিয়নের পাঙ্গাসিয়া বাজার ঘ. চিরাপাড়া ইউনিয়নের পানেরহাট | ১২০০০০০.০০ |
| ০২ | উপজেলার ২৪টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে হাই লো বেঞ্চ সরবরাহ | ১৮০০০০০.০০ |
| ০৩ | কাউখালী ইকোর খালের পাশে, ইদগাহ, ইকোপার্ক ও শ্মশানঘাট সংলগ্ন রাস্তা এবং কৃষি ব্যাংক মোড় হতে বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তায় স্ট্রীট লাইট স্থাপন | ১০০০০০০.০০ |
| মোট | চল্লিশ লক্ষ টাকা মাত্র | ৪০০০০০০.০০ |

বিবিধ-ঙঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০৩ নং সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, লেঃ কর্নেল নজরুল ইসলাম (অবঃ) একটি সড়কের নাম নিজের নামে করার জন্য সুপারিশ সহ একখানা আবেদন দাখিল করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান যেহেতু ইতিপূর্বে আবেদনকারীর বড় ভাই বীর মুক্তিযোদ্ধা হারুন অর রশিদ সাঈদ এর নামে একটি রাস্তার নাম সুপারিশ করা হয়েছে কাজেই একই পরিবারের একাধিক সদস্যের নামে রাস্তার নাম করণের প্রস্তাব করার সুযোগ নাই। উপস্থিত সকল সদস্য এই প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | আবেদনকারী লেঃ কর্নেল নজরুল ইসলাম (অবঃ) নামে রাস্তার নাম করণের বিষয়টি সর্বসম্মতভাবে খারিজ করার প্রস্তাব গৃহিত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউখালী, পিরোজপুর।<br>৩. উপজেলা প্রকৌশলী এলজিইডি, কাউখালী।<br>৪. চেয়ারম্যান কাউখালী সদর ইউপি। |

বিবিধ-চ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা পরিষদের ভাইচ চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর টিএ/ডিএ বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার জানান যথাযথভাবে টিএ/ডিএ বিল দাখিল না করায় বিল প্রদান করা যাচ্ছে না। | আলোচনান্তে যথাযথভাবে টিএ/ডিএ বিল দাখিল করার জন্য ভাইস চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী,পিরোজপুর।<br>২. ভাইস চেয়াররম্যান<br>৩. মহিলাভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ কাউখালী, পিরোজপুর। |

বিবিধ- ছ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান ০৪ নং চিড়াপাড়া ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নের পানহাট নামক হাটটি জনস্বার্থে সম্প্রসারণ করা প্রয়োজন। তিনি জানান চিড়াপাড়া স্ট্যান্ডে প্রতিদিন সকাল এবং বিকালে বেশ কিছু দোকান রাস্তার উপরে বসে এবং যানজট তৈরি করে। এমনকি মাঝে মাঝে সড়ক দূর্ঘটনাও ঘটে থাকে। তিনি আরও জানান পান হাট সংলগ্ন কিছু সরকারি জায়গা রয়েছে যেগুলো বাজারের অন্তর্ভূক্ত করা হলে ব্যবসা বাণিজ্যের সম্প্রসারণসহ সামগ্রিক সমস্যার সমাধান করা সম্ভব হবে। তাছাড়া এসব জায়গা ভূমিদস্যুদের দখলেও চলে যেতে পারে বলে তিনি আশংকা প্রকাশ করেন। একই প্রসংগে ০৫ নং শিয়ালকাঠি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তার ইউনিয়নের পাঙ্গাসিয়া বাজারের বিষয়টিও উল্লেখ করেন।চেয়ারম্যান, ০৪ নং চিড়াপাড়া ইউনিয়ন পরিষদ আরও জানান তার ইউনিয়নের চিড়াপাড়া গ্রামের এক ব্যক্তি প্রায় ১৫ শতাংশ সরকারী জমি মাদ্রাসা তৈরির নামে দখল করে রেখেছেন। তিনি এই জায়গার দখল পুনরুদ্ধার করে মাননীয় প্রধানমন্ত্রীর মুজিববর্ষের গৃহ নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান গত কিছুদিন আগে এ বিষয়ে একটি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়েছিল। উক্ত প্রতিষ্ঠানের কোন রেজিষ্ট্রেশন নাই, শিক্ষক,শিক্ষার্থী নাই। কোন কার্যক্রমও নাই। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১.চিড়াপাড়া পান হাট এবং শিয়ালকাঠি পাঙ্গাসিয়া বাজারের পেরিফেরি সম্প্রসারণের প্রস্তাব প্রেরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সহকারি কমিশনার (ভূমি) বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২. মুজিববর্ষের গৃহ নির্মাণ সংক্রান্ত প্রস্তাব প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি) বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১.উপজেলা নির্বাহী অফিসার ,কাউখালী, পিরোজপুর।<br>২.চেয়ারম্যান, ০৪ নং চিড়াপাড়া ইউনিয়ন পরিষদ। |

বিবিধ- জ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে উপজেলা পরিষদ কার্যালয়ে দাপ্তরিক কাজে ব্যবহৃত এবং TO&E তে অন্তভূক্ত অফিস সরঞ্জাম ডেক্সটব, ল্যাপটব, প্রিন্টার ও ফটোকপি মেশিন দীর্ঘদিনের পুরানো হয়ে যাওয়ায় তা ব্যবহারের অনুপযোগী হয়ে গিয়েছে ফলে দাপ্তরিক কাজ ব্যাহত হচ্ছে। উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য একটি প্রিন্টারসহ ডেক্সটব ও সভাকক্ষের জন্য একটি প্রজেক্টর ক্রয় করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ 'চ' মোতাবেক রাজস্ব তহবিল থেকে উপজেলা পরিষদ কার্যালয়ের দাপ্তরিক কাজে ব্যবহৃত অফিস সরঞ্জাম ক্রয়ের জন্য নিম্নবর্নিত কমিটি গঠন করা হয়ঃ<br>১. উপজেলা কৃষি অফিসার- সভাপতি<br>২. উপজেলা মৎস্য অফিসার- সদস্য<br>৩. উপজেলা যুব উন্নয়ন অফিসার- সদস্য<br>৪. উপজেলা নির্বাচন অফিসার-সসদস্য<br>৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-সদস্য | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর। |

বিবিধ- ঝ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান, কাউখালী সদর ইউপি জানান যে মূল সড়কে যানজট নিরসনে এবং কাউখালী দক্ষিণ বাজার এর মালিক নামে সুপাড়ি ব্যবসায়ী অন্যায়ভাবে বারবার মামলা করে বাজার ক্ষতিগ্রস্ত করার পায়তারা করায় ইউনিয়ন হাটবাজার ব্যবস্থাপনা কমিটি, উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটি এবং উপজেলা মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী সুপারী মহাল ইতিমধ্যেই স্থানান্তর করা হয়েছে। ০৫ নং শিয়ালকাঠি ইউপি চেয়ারম্যান এর প্রস্তাবমতে বাজার যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য বাজারে নিয়মিত গ্রামপুলিশ নিয়োগের বিষয়ে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | বাজারে নিয়মিত গ্রামপুলিশ নিয়োগের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর।<br>২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)। |

বিবিধ- ঞ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উত্তর বাজার হতে মধ্যবাজারগামী পোষ্ট অফিস থেকে আখড়াবাড়ী, শ্মশানঘাট ও ঈদগাহ সংলগ্ন রাস্তাটি বেশি সরু থাকায় বাজারের মালামাল এবং লাশ পরিবহনে অসুবিধা দেখা যায়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনা শেষে জেলা সমন্বয় সভায় উপস্থাপন পূর্বক পোস্ট অফিসের সাথে সমন্বয়পূর্বক রাস্তা সম্প্রসারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর। |

বিবিধ- ট

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিএডিসি'র গোডাউন/ খাদ্য গুদাম যেটা রয়েছে তা দ্রুত অপসারণ করা প্রয়োজন। ভবণের অবস্থা এতটাই নাজুক যে যেকোন সময় এটা ওয়াকওয়েতে পথচারীর গায়ে পড়ে বড় ধরণের দূর্ঘটনা ঘটতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনা শেষে জেলা সমন্বয় সভায় উপস্থাপন পূর্বক সংশ্লিষ্ট দপ্তরের সাথে সমন্বয় পূর্বক গোডাউন অপসারণের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-ঠ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষসমূহে দাপ্তরিক কাজে ব্যবহৃত ফার্নিচার ক্রয় করা জরুরী। এছাড়াও সভাকক্ষের পুরাতন টেবিল চেয়ার মেরামত করা প্রয়োজন। নতুন প্রশাসনিক ভবনের সভাকক্ষ ও অডিটোরিয়ামের জন্য আসবাবপত্র ক্রয় ও ইন্টেরিয়র ডিজাইন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ 'ছ' মোতাবেক আসবাবপত্র মেরামতের ও ক্রয় করার জন্য নিম্নলিখিত কমিটি গঠন করা হয় ঃ<br>১. উপজেলা যুব উন্নয়ন অফিসার- সভাপতি<br>২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- সদস্য<br>৩. উপজেলা নির্বাচন অফিসার- সদস্য<br>৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার- সদস্য<br>৫. উপজেলা সমবায় অফিসার- সদস্য<br>এছাড়াও নতুন প্রশাসনিক ভবনের সভাকক্ষ ও অডিটোরিয়ামের জন্য আসবাবপত্র ক্রয় ও ইন্টেরিয়র ডিজাইন করার প্রশাসনিক অনুমোদনের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক পূর্নাঙ্গ প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>৩. উপজেলা প্রকৌশলী<br>কাউখালী, পিরোজপুর। |

বিবিধ- ড

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত ভবণটির কক্ষ বরাদ্দের একটি খসড়া প্রস্তত করা হয়েছে। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে বরাদ্দের খসড়াটি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। খসড়া উপস্থাপনের পরে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবণটির কক্ষ বরাদ্দের খসড়াটি যুক্তি যুক্ত হওয়ায় খসড়াটি সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>৩. উপজেলা প্রকৌশলী, এলজিইডি<br>কাউখালী, পিরোজপুর। |

বিবিধ-ঢ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে কাউখালী উপজেলা পরিষদ ব্যবস্থাপনাধীন হাট বাজার হইতে প্রাপ্ত ইজারালব্দ আয়ের ১৫% অর্থ সংশ্লিষ্ট হাটবাজারের রক্ষনাবেক্ষণ/ উন্নয়ন খাত এবং ১০% অর্থ উপজেলার অন্তর্গত হাটবাজার সমুহের রক্ষনাবেক্ষণ/ উন্নয়নখাত থেকে বাস্তবায়নের জন্য ইউনিয়ন হাট বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিম্নোক্ত প্রকল্পসমূহ সুপারিশ করা হয়েছে। প্রকল্পসমূহ যাছাইয়ান্তে যথাযথ হয়েছে মর্মে প্রতিয়মান হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে কাউখালী ইউনিয়ন হাটবাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। উপজেলা প্রকৌশলীকে অনুমোদিত প্রকল্প সমূহের প্রাক্কলন প্রস্তত এবং বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরজন্য অনুরোধ জানানো হয়। | ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>৩.উপজেলা প্রকৌশলী এলজিইডি<br>৪. চেয়ারম্যান<br>কাউখালী সদর ইউনিয়ন পরিষদ<br>কাউখালী, পিরোজপুর। |

| ক্রমিক | প্রকল্পের নাম | বরাদ্দ | প্রকল্প বাস্তবায়ন কমিটি |
|---|---|---|---|
| ০১ | কাউখালীহাট দক্ষিণ বাজার লিপুর গোলা থেকে দুলালের হোটেল অভিমূখে রাস্তা সিসিকরণ। | ২০০০০০.০০ | ০১. রুবেল রিয়াজী, ইউপি সদস্য, কাউখালী -সভাপতি<br>০২. মোঃ সাঈদ হোসেন, ব্যবসায়ী নেতা -সম্পাদক<br>০৩. মোঃ সরোয়ার হোসেন, ব্যবসায়ী -সদস্য<br>০৪. মোঃ দুলাল হোসেন , ব্যবসায়ী -সদস্য<br>০৫. মোঃ রুবেল হোসেন, শিক্ষক -সদস্য |
| ০২ | কাউখালীহাট দক্ষিণ বাজার নতুন সুপাড়ি হাটে বালু ভরাট | ২০০০০০.০০ | ০১.আকবর হোসেন দুলাল, ইউপি সদস্য -সভাপতি<br>০২. মোঃ দুলাল হোসেন, গণ্যমান্য - সম্পাদক<br>০৩. মোঃ সরোয়ার হোসেন, ব্যবসায়ী -সদস্য<br>০৪. মোঃ দুলাল হোসেন হোসেন, ব্যবসায়ী -সদস্য<br>০৫. মোঃ রুবেল হোসেন, শিক্ষক -সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | কাউখালী হাট নুতন সুপাড়ি হাট থেকে ঈদগাহ্ পর্যন্ত রাস্তা ইটসলিংকরণ | ২০০০০০.০০ | ০১. মোঃ গোলাম মোস্তফা, ব্যবসায়ী -সভাপতি<br>০২. মাওলানা খলিলুর রহমান, ঈমাম - সম্পাদক<br>০৩. মোঃ রুবেল হোসেন, ব্যবসায়ী - সদস্য<br>০৪. সুশীল মুন্সি, ব্যবসায়ী - সদস্য<br>০৫. শেখ লিটন, গণ্যমান্য - সদস্য |
| ০৪ | কাউখালী হাট কেন্দ্রীয় ঈদগাহ থেকে উত্তর বাজার গামী আখড়া বাড়ীর সামনের ব্রীজ পর্যন্ত রাস্তা ইটসলিংকরণ | ২০০০০০.০০ | ০১. মোঃ মোস্তাফিজুর রহমান, ইউপি চেয়ারম্যান -সভাপতি<br>০২. মোঃ রুবেল হোসেন, ব্যবসায়ী - সম্পাদক<br>০৩. মোঃ গোলাম মোস্তফা ,ব্যবসায়ী - সদস্য<br>০৪. সুশীল মুন্সি, ব্যবসায়ী - সদস্য<br>০৫. মোঃ মামুন, ব্যবসায়ী - সদস্য |
| ০৫ | কাউখালী হাট মধ্য বাজার পোষ্ট অফিস থেকে শ্মশানঘাট পর্যন্ত রাস্তা সংস্কার ও খালে লোহার পুল পুনর্নির্মাণ | ২০০০০০.০০ | ০১. ঝর্ণা রানী, ইউপি সদস্য -সভাপতি<br>০২. রুবেল রিয়াজী, ইউপি সদস্য - সম্পাদক<br>০৩. মোঃ আতিকুল হক মনির, ইউপি সদস্য - সদস্য<br>০৪. মোঃ সরোয়ার হোসেন, ব্যবসায়ী -সদস্য<br>০৫. মোঃ নুরুজ্জামান, ব্যবসায়ী -সদস্য |

সভাপতি জানান জুন মাসের মধ্যে সরকারী উন্নয়নমূলক সকল কাজ যথাযথভাবে সমাপ্ত করতে হবে। সে লক্ষ্যে সবাইকে একযোগে কাজ করতে হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় নতুন উদ্ভাবনী উদ্যোগে জনগণকে কাংখিত সেবা প্রদানে এগিয়ে আসার আহবান জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

(মোঃ আবু সাঈদ মিঞা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাউখালী, পিরোজপুর।

স্মারক নং ঃ ০৫.১০.৭৯৪৭.০০০.০০.০০০.২২-২৪৫

তারিখ ঃ ২৪/০৩/২০২২খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, ১২৮, পিরোজপুর-০২।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, পিরোজপুর।
০৪. উপজেলাপরিষদ ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, কাউখালী, পিরোজপুর।
০৫. উপজেলা .................................. কর্মকর্তা, কাউখালী, পিরোজপুর।
০৬. চেয়ারম্যান..................................ইউপি, কাউখালী, পিরোজপুর।

24/06/2022

(মোছাঃ খালেদা খাতুন রেখা)
উপজেলা নির্বাহী অফিসার
কাউখালী, পিরোজপুর।